

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং-১১.০০.০০০০.৩৬৪.২২.০৮৬.১৮-১৩০

তারিখঃ ০৯/০৯/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ “প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন”
শীর্ষক প্রকল্পের Single Source Selction (SSS) পদ্ধতিতে কনসালটেন্ট নিয়োগ প্রসঙ্গে।

সূত্রঃ ১৬.০০.০০০০.০৩৭.০২.০৩৪.১৮-২৭৪; তারিখঃ ০৮/০৮/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ, ২০০৬) এর ধারা-৩৭(ক) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-১০৩(৪) অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে গুণগত মান ও ব্যয় ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS) এবং নির্দিষ্ট বাজেট ভিত্তিক নির্বাচন পদ্ধতি (FBS) অগ্রাধিকার পদ্ধতি। তবে ক্রয়কারী কার্যালয় প্রধান এর পূর্বানুমোদনক্রমে বিশেষ পরিস্থিতিতে একক উৎসভিত্তিক পরামর্শক নির্বাচন পদ্ধতি (SSS) সহ অন্যান্য ক্রয় পদ্ধতি অনুসরণ করা যায় [ধারা-৩৮(১) ও বিধি-১০৪]।


০২। উপর্যুক্ত বিধানের আলোকে একক উৎস ভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন আইন ও বিধি অনুযায়ী যৌক্তিক বিবেচিত হলে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে ক্রয় প্রক্রিয়া সূচিত করা যায়।

০৩। পিপিআর, ২০০৮ এর বিধি-১০৪(১)(ঘ) এ একক উৎসভিত্তিক পরামর্শক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) নির্বাচন পদ্ধতি এবং বিধি-১১০ এ উক্ত পদ্ধতির অধীন পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী বিশদভাবে বর্ণিত হয়েছে। এ ছাড়াও, বিধি-১১০(৭) অনুসারে তফসিল ৩ এবং অংশ ৩ এ Single Source Selection (SSS) পদ্ধতিতে পরামর্শক নিয়োগের ধাপসমূহ (Flow-chart) বিধৃত রয়েছে।

০৪। এমতাবস্থায়, উপরে উল্লিখিত বিধির নির্দেশনা এবং ধাপসমূহ (Flow-chart) অনুসরণপূর্বক ক্রয়কারী একক উৎসভিত্তিক পরামর্শক (ব্যক্তি বা প্রতিষ্ঠান) নির্বাচন পদ্ধতিতে পরামর্শক (Consultant) নিয়োগ করতে পারে।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রকল্প পরিচালক (দায়িত্বপ্রাপ্ত)
প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও
ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প
ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।


(মোসাম মোসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৫. অফিস কপি।